দৈনিক খবর

তারিখ 09 JUN 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

19

# প্রাথমিক শিক্ষকদের সাক্ষরতার হার বৃদ্ধিতে ভূমিকা নিতে হবে
## —কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেছেন, প্রাথমিক শিক্ষকদের দেশের সাক্ষরতার হার বৃদ্ধিতে মুখ্য ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, এটা দেশের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতেও সাহায্য করবে। খবর বাসস'র।

প্রধানমন্ত্রী গতকাল মীরপুরে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির এক সমাবেশে বক্তৃতা করছিলেন। রাষ্ট্রপতির বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সংক্রান্ত উপদেষ্টা মনসুর আলী

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## প্রাথমিক শিক্ষকদের

প্রথম পৃষ্ঠার পর

সরকার এবং সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদও সমাবেশে বক্তৃতা করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, রাষ্ট্রপতি এরশাদের সরকার স্কুল বয়েসের শিশুদের প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে বদ্ধপরিকর।

তিনি বলেন, রাষ্ট্রপতি এরশাদ শিক্ষক সমাজের সম্মান ও মর্যাদা সমুন্নত রাখার জন্যে বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছেন।

কাজী জাফর বলেন, 'এখন আপনাদের সাড়া দেয়ার সময়। তিনি সমাজ থেকে নিরক্ষরতা দূরীকরণে আন্তরিকভাবে নিয়োজিত হওয়ার জন্যে শিক্ষকদের প্রতি আহবান জানান।